Zaved Mannan

# Product Sourcing

Tool Guide 8.3.1




Purple Business Academy

# Tool Guide 8.3.1: প্রোডাক্ট সোর্সিং

ব্যবসা শুরু করার অন্যতম চাবিকাঠি হলো সঠিক পণ্য সঠিকভাবে সংগ্রহ করা। একে বলা হয়। **Product Sourcing** বা প্রোডাক্ট সোর্সিং। এটি এমন একটি কৌশল যা ব্যবসার খরচ কমায়, মান নিশ্চিত করে, এবং দ্রুত ডেলিভারি নিশ্চিত করতে সাহায্য করে। নিচে বিভিন্ন ধরনের প্রোডাক্ট সোর্সিং পদ্ধতি ও বাস্তব উদাহরণসহ ব্যাখ্যা করা হলো:

## ১. Direct Sourcing (ডাইরেক্ট সোর্সিং)

এখানে ব্যবসায়ী সরাসরি প্রস্তুতকারকের (Manufacturer) কাছ থেকে পণ্য কেনেন। এতে মধ্যস্বত্বভোগী বাদ যায়, ফলে খরচ কমে এবং মান নিয়ন্ত্রণ সহজ হয়।

**উদাহরণ:**
ওয়াসেক একটি অনলাইন ফিটনেস স্টোর খুলেছে। সে চায় নিজের ব্র্যান্ডের রেসিসট্যান্স ব্যান্ড বিক্রি করতে। সে সরাসরি চীন বা বাংলাদেশের একটি জিম এক্সেসরিজ প্রস্তুতকারকের সাথে চুক্তি করে। এতে তার খরচ কমে এবং সে নিজের প্রয়োজনমতো কাস্টমাইজ করতে পারে।

## ২. Wholesale Sourcing (পাইকারি ক্রয়)

এই মডেলে ব্যবসায়ী পাইকারি বিক্রেতার (Wholesaler) কাছ থেকে পণ্য কিনে বিক্রি করেন। এতে পণ্যের দাম তুলনামূলক কম হয় কারণ বড় পরিমাণে কেনা হয়।

**উদাহরণ:**
সামারা একটি ইসলামিক জুয়েলারি অনলাইন দোকান চালায়। সে পুরান ঢাকার পাইকারি বাজার থেকে ইসলামিক নেকলেস এবং আংটি একসাথে ১০০ পিস করে কিনে নেয়। এতে করে সে প্রতি পণ্যে ২৫-৩০% মুনাফা করতে পারে।

## ৩. Dropshipping (ড্রপশিপিং)

এই মডেলে ব্যবসায়ী নিজে পণ্য স্টক করে না। অর্ডার পাওয়ার পর, তৃতীয় পক্ষ (সাপ্লায়ার) সরাসরি কাস্টমারের কাছে পণ্য পাঠায়। উদ্যোক্তার মূল কাজ শুধু মার্কেটিং ও কাস্টমার সার্ভিস।

**উদাহরণ:**
ওয়াসেক Shopify প্ল্যাটফর্মে একটি ড্রপশিপিং স্টোর খুলেছে যেখানে সে মোবাইল গ্যাজেট বিক্রি করে। সে আলিএক্সপ্রেস থেকে প্রোডাক্ট যুক্ত করে। একজন কাস্টমার যখন তার ওয়েবসাইট থেকে কিনে, তখন ওয়াসেক অটোমেটেডভাবে আলিএক্সপ্রেস সাপ্লায়ারকে পেমেন্ট করে দেয়, আর সাপ্লায়ার পণ্য পাঠিয়ে দেয়।

## ৪. Private Labeling (প্রাইভেট লেবেলিং)

এই মডেলে ব্যবসায়ীরা অন্যের তৈরি প্রোডাক্ট নিজের ব্র্যান্ড নামে বিক্রি করেন। এটি ব্র্যান্ড তৈরি, কাস্টমার লয়্যালটি, এবং দাম নির্ধারণের সুযোগ দেয়।

**উদাহরণ:**

Khas Food নিজের নামে চাল, মধু, চা ইত্যাদি বাজারজাত করে কিন্তু অধিকাংশ পণ্য তারা সরাসরি চাষি বা প্রস্তুতকারকের কাছ থেকে সংগ্রহ করে। এরপর তারা তাদের নিজস্ব প্যাকেট ও ব্র্যান্ডে বিক্রি করে।

আরেকটি উদাহরণ, ওয়াসেক চট্টগ্রামে এক হ্যান্ডমেড সাবান প্রস্তুতকারকের কাছ থেকে সাবান সংগ্রহ করে, তারপর নিজের ব্র্যান্ড **"Wasik Organics"** নামে প্যাকেজ করে অনলাইনে বিক্রি করে।

## ৫. Marketplaces থেকে সোর্সিং (Alibaba, 1688.com ইত্যাদি)

এগুলো আন্তর্জাতিক প্ল্যাটফর্ম যা সরাসরি প্রস্তুতকারক বা সরবরাহকারীদের সাথে সংযোগ স্থাপন করে।

**উদাহরণ:**

ওয়াসেক Aliexpress বা 1688.com থেকে লেদার ওয়ালেট অর্ডার করে, যেগুলো সে তার Facebook Shop ও Daraz-এ বিক্রি করে। সে একই প্রোডাক্ট বাংলাদেশের মার্কেটে দ্বিগুণ দামে বিক্রি করতে পারে।

## Offline Product Sourcing (অফলাইন সোর্সিং)

অনেক উদ্যোক্তা নিজের শহর, জেলা, বা থানা পর্যায়ে বিভিন্ন প্রস্তুতকারকের কাছ থেকে পণ্য সোর্স করেন।

**উদাহরণ:**

সামারা রংপুরের এক কৃষকের কাছ থেকে নিজে গিয়ে খাটি মধু সংগ্রহ করেন। এরপর নিজের ব্র্যান্ড **"Samara's Naturals"** দিয়ে বোতলে ভরে বিক্রি করেন।

### সফল প্রোডাক্ট সোর্সিংয়ের জন্য টিপস:

- বাজারে কোন পণ্যের চাহিদা বেশি তা আগে গবেষণা করুন।
- সরবরাহকারীর রেটিং, রিভিউ, এবং প্রোডাক্ট স্যাম্পল যাচাই করুন।
- ভাল চুক্তি করার জন্য দর কষাকষি করুন।
- প্রতিটি লেনদেনের হিসাব রাখুন।
- দীর্ঘমেয়াদি সম্পর্ক গড়ে তুলুন নির্ভরযোগ্য সাপ্লায়ারের সঙ্গে।

আপনি যদি নতুন হন, তবে প্রথমে **পাইকারি সোর্সিং** দিয়ে শুরু করে পরে **Private Labeling**-এ যেতে পারেন। এতে ঝুঁকি কমে এবং ধীরে ধীরে ব্র্যান্ড তৈরি করা সহজ হয়।

# Join Our Social Media

**ডিজিটাল এনট্রাপ্রেনারস নেটওয়ার্ক (Digital Entrepreneur Network)** নামে আমাদের ফেসবুক গ্রুপে যোগ দিন। এখানে আপনার চিন্তা-ভাবনা, ব্যবসার আইডিয়া এবং প্রোডাক্ট শেয়ার করুন। আমরা আপনাকে এগিয়ে যেতে সাহায্য করতে চাই এবং এই কমিউনিটির অংশ হিসেবে আপনিও আমাদের সাথে এই নেটওয়ার্ককে শক্তিশালী করুন।এই কমিউনিটি আপনার ব্যবসা বাড়ানোর প্রয়োজনীয় সহায়তা, এবং শক্তিশালী নেটওয়ার্ক তৈরি করতে সাহায্য করবে। এটি আপনার ব্যবসার সাফল্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আমাদের ফেসবুক পেজ **Purple Business Academy** লাইক করতে ভুলবেন না। পাশাপাশি ইউটিউব চ্যানেল **Zaved Mannan** সাবস্ক্রাইব করুন।

Join Facebook Group: **Digital Entrepreneur Network**:
https://www.facebook.com/groups/digitalentrepreneursnetworkdtn

Facebook Page: **Purple Business Academy**: https://www.facebook.com/profile.php?id=61557291557064

Youtube Channel (**Zaved Mannan**): https://www.youtube.com/@MannanZaved

Connect **LinedIn**: https://www.linkedin.com/in/zaved-mannan/

**Purple Business Academy**: www.purplebusiness.org



# Tool Guide 8.3.1

"Tool Guide 8.3.1" unlocks the secrets of successful product sourcing for online businesses, emphasizing strategies that reduce costs, ensure quality, and enhance delivery speed. With practical examples of direct sourcing, wholesale purchasing, dropshipping, private labeling, and offline sourcing, this guide provides entrepreneurs with actionable insights to build their brands effectively. Join a vibrant community of digital entrepreneurs and take your business to new heights with proven techniques and expert tips.

Purple Business Academy